মাননীয়,

**সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও ফেনী সদর আমলী আদালত, ফেনী,**
জেলা- ফেনী।

**ফেনী জি.আর মামলা নং-**

**রাষ্ট্র** **বনাম** **মোঃ দ্বীন ইসলাম**
**বাদী** **আসামীগণ**

**ধারাঃ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩) এর ১১(গ)/৩০ ধারা।**
**বিষয়ঃ আপোষের শর্তে ১নং হাজতি আসামী পক্ষে জামিনের প্রার্থনা।**

নিবেদন এই,

**১।** আসামী সম্পূর্ণ নির্দোষ ব্যক্তি হয়। আসামী ফেনী শহরের ইসলামপুর রোড়স্থ একজন ইলেকট্রনিক্স ব্যবসায়ী। আসামী এবং অত্র মামলার এজহারকারিনী পরস্পর স্বামী-স্ত্রী হয়। এজহারে কথিত ঘটনা সম্পূর্ণ কল্পিত ও বানোয়াট বটে।

**২।** উপরোক্ত আসামীকে বিগত ২১/১০/২০২১ইং তারিখে গ্রেফতার করিয়া জেল হাজতে প্রেরণ করা হয়। অত্র আসামী বিগত ২১/১০/২০২১ইং তারিখ হইতে অদ্যাবধি ৪ দিন জেল হাজতে মানবেতর জীবনযাপন করিতেছে।

**৩।** ১নং আসামীর সহিত বাদীর ইসলামী শরিয়া ও সামাজিক রীতিনীতি অনুযায়ী গত ২৬/১১/২০২০ইং সনে দেনমোহর ৭,০০,০০০/- (সাত লক্ষ) যাহার মধ্যে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উসুল ধার্যে বিবাহ হয় এবং বৈবাহিক সম্পর্ক যথারীতি স্বাভাবিকভাবে চলিতে ছিল। বিগত ৩০/০৭/২০২১ইং তারিখে আসামীর সহিত এজহারকারী/বাদী পিত্রালয়ে বেড়াতে যায় এবং ১নং আসামী বাদীকে তাহার পিত্রালয়ে রাখিয়া আসামী তাহার কর্মস্থলে চলিয়া আসে। পরবর্তীতে বাদিনীকে স্বামীর বাড়িতে আসিতে বলিলে বাদিনী রাগ করিয়া ১নং আসামীর সহিত কথা বলা বন্ধ করিয়া দেয় এবং মোবাইল ফোন বন্ধ করিয়া রাখে। বারংবার স্বামীগৃহে আনিবার চেস্টা করা শর্তেও বাদিনী স্বামীগৃহে আসে নাই। কিন্তু এজহারে ঘটনার তারিখ দেখানো হয় ১৭/১০/২০২১ইং তারিখে, যাহা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। সেই সময়ে বাদিনী তার পিত্রালয়ে ছিল।

**৪।** বাদিনী পিত্রালয়ে যাইবার পরে বাদিনী ১নং আসামী ও তার পরিবার নিয়া বিভিন্ন অভিযোগ করিতে থাকে ফলে দুই পরিবারের মাঝে মনমালিন্য তৈরী হয়। বাসায় ফিরাইয়া আনার জন্য আসামী কয়েকবার বাদিনীর পিত্রালয়ে গমন করিলে আসামী সহিত বাদিনীর ও তার মা দুঃব্যবহার করে। পরবর্তিতে ক্ষোভের বসে বাদিনী অত্র মামলা আনায়ন করিয়াছে।

**৫।** আসামী তাহার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি হন।

**৬।** আসামী জামিনে মুক্তি পাইলে সে পালায়ন করিবেনা। উপযুক্ত জামিনদার প্রদান করিবে এবং ধার্য্য তারিখে হাজির থাকিবে। বক্রী শুনানীকালে বাচনিক নিবেদন করা হইবে।

অতএব, মাননীয় আদালত দয়া বিতরণে অত্র দরখাস্ত গ্রহণ করিয়া বর্ণিত অবস্থা ও করণাধীনে ন্যায় বিচারে অত্র আসামীকে প্রার্থনামতে জামিনে মুক্তির আদেশ দানে মর্জি হয়। ইতি তাং- ২৪/১০/২০২১

**তফসীল ১নং আসামীর নামধাম-**

**মোঃ দ্বীন ইসলাম (৩০)**, সাং-০০০০০০০০০, থানা- ফেনী সদর, জেলা-ফেনী।